আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

নিশ্চয়ই আসমান ও যমিনের কোনো কিছুই আল্লাহর কাছে গোপন থাকে না।

সূরা আল ইমরান আয়াত ৪



দৈনিক

# কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১৯ জানুয়ারি ২০২৬ ॥ ২৯ রজব ১৪৪৭ ॥ ০৫ মাঘ ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৪৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে বিশ্বমানের সিমেন্ট

এ্যাঙ্কর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত নোঙ্গর



সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫




## ক্ষমতায় গেলে জুলাই শহীদ ও আহতদের পরিবারের জন্য মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়ে আলাদা বিভাগ হবে: তারেক রহমান

**কীর্তনখোলা ডেস্ক**

জনগণের সমর্থন পেয়ে বিএনপি সরকার গঠন করতে পারলে চব্বিশের গণঅভ্যুত্থানে শহীদ ও আহত ব্যক্তিদের পরিবারের দেখভালের জন্য মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে 'আলাদা একটি বিভাগ খোলা হবে' বলে জানিয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। এই পরিকল্পনা তুলে ধরে তিনি বলেন, "আপনারা যখন কথা

● ২-এর পাতায় দেখুন

## পুলিশ কোনো রাজনৈতিক দলের রক্ষক নয়

**কীর্তনখোলা ডেস্ক**

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, পুলিশ কোনো রাজনৈতিক দলের রক্ষক নয়, তারা জনগণের করের টাকায় পরিচালিত রাষ্ট্রের কর্মচারী। পুলিশ

● ২-এর পাতায় দেখুন



## চীনা বিশেষজ্ঞদের অনুমোদন পেলেই তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন

**কীর্তনখোলা ডেস্ক**

তথ্য ও সম্প্রচার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, দেশের উত্তরাঞ্চলের মানুষের দীর্ঘদিনের প্রত্যাশিত তিস্তা মহাপরিকল্পনা

● ২-এর পাতায় দেখুন



## ইসি পক্ষপাতমূলক আচরণ করছে

**কীর্তনখোলা ডেস্ক**

নির্বাচন কমিশনের (ইসি) বেশ কিছু কার্যক্রমের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুলেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি অভিযোগ করেছেন, অনেক ক্ষেত্রে কমিশন পক্ষপাতমূলক আচরণ করছে,

● ২-এর পাতায় দেখুন



### বরিশালের প্রস্তুতিসভায় বক্তারা

# তারেক রহমানের আগমন অতীতের সব রেকর্ড ভাঙবে




**কীর্তনখোলা রিপোর্ট**

বিএনপির চেয়ারপারসন তারেক রহমানের বরিশাল আগমনকে কেন্দ্র করে অনুষ্ঠিত মহাসমাবেশের জনসমাগম অতীতের সব রেকর্ড ভেঙে দেবে বলে জানিয়েছে বিএনপি নেতারা। ২৬ জানুয়ারি অনুষ্ঠিতব্য এই মহাসমাবেশ সফলভাবে সম্পন্ন করতে রোববার (১৮ জানুয়ারি) বিকেলে নগরীর বরিশাল ক্লাবে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় এ কথা জানান নেতারা। এসময় বরিশাল বিভাগের ৮টি সাংগঠনিক জেলার নেতাকর্মীসহ ২১ আসনে বিএনপির সংসদ সদস্য প্রার্থীরা উপস্থিত ছিলেন। সভার শুরুতে নেতাকর্মীরা খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া মোনাজাত করেন। এসময় বক্তব্য দেন, বরিশাল-৫ (সদর) আসনে বিএনপির প্রার্থী মজিবর রহমান সরোয়ার, বরিশাল-১ আসনের জহির উদ্দিন স্বপন, বরিশাল-৬ আসনের প্রার্থী আবুল হোসেন খান, ভোলা ৩ আসনের মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ প্রমুখ। বিএনপির সাংগঠনিক সম্পাদক বিলকিস জাহান শিরিনের সভাপতিত্বে এবং সহ সাংগঠনিক সম্পাদক আকন কুদ্দুসুর রহমান ও মাহাবুবুল হক নান্নুর সঞ্চালনায় এই সভা হয়। ভোলা-৩ (লালমোহন ও তজুমদ্দিন) আসনের বিএনপির প্রার্থী মেজর (অবসরপ্রাপ্ত) হাফিজ উদ্দিন

● ২-এর পাতায় দেখুন



# মেঘনায় ডাকাত আতঙ্কে নদী ছাড়ছেন জেলেরা

**ভোলা প্রতিনিধি**

ভোলার বোরহানউদ্দিনে মেঘনা নদীতে বেড়েছে সশস্ত্র ডাকাত দলের উপদ্রব। এতে উপকূলীয় প্রায় ৪০ হাজার জেলের জীবন-জীবিকা চরম হুমকির মুখে পড়েছে। গত কয়েক দিনে ট্রলারে হামলা, দুর্ধর্ষ ডাকাতি এবং অস্ত্রের মুখে জেলে অপহরণের ঘটনায় নদীজুড়ে এখন আতঙ্ক বিরাজ করছে। ভুক্তভোগী জেলেরা বলছেন, রাতের আঁধারে ডাকাতদের বেপরোয়া কর্মকাণ্ডে প্রাণের ভয়ে তারা সন্ধ্যার পর মাছ শিকারে যেতে সাহস পাচ্ছেন না। এমন পরিস্থিতিতে জীবিকার নিরাপত্তা নিশ্চিত করতে মেঘনায় কোস্টগার্ড ও নৌ-পুলিশের নিয়মিত টহল জোরদারের দাবি জানিয়েছেন সাধারণ মৎস্যজীবীরা। জেলেদের সঙ্গে কথা বলে জানা যায়, গত ১১ জানুয়ারি রাতে হাকিমউদ্দিন মৎস্য ঘাট এলাকায় তিনটি ট্রলারে দুর্ধর্ষ ডাকাতি এবং আগ্নেয়াস্ত্রের মুখে চার জেলেকে অপহরণের ঘটনায় নদীজুড়ে চরম আতঙ্ক ছড়িয়ে পড়েছে। অপহরণের পর কয়েক দফায় প্রায় দেড় লাখ টাকা মুক্তিপণ দিয়ে জেলেরা ফিরে আসলেও প্রাণের ভয়ে সন্ধ্যার পর নদীতে নামতে সাহস পাচ্ছেন না অধিকাংশ মৎস্যজীবী। বর্তমানে নদীতে ইলিশের দেখা মিললেও ডাকাতদের দৌরাত্ম্যে রাতে মাছ শিকার বন্ধ থাকায় অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন ১৯ হাজারেরও

● ২-এর পাতায় দেখুন

## ছাত্রদলের মিছিলে 'এই মুহূর্তে দরকার, শেখ হাসিনা সরকার' স্লোগান

**পটুয়াখালী প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফলে ছাত্রদলের মিছিলে 'এই মুহূর্তে দরকার, শেখ হাসিনা সরকার' স্লোগান দেওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। শনিবার (১৭ জানুয়ারি) বিকেলে বাউফল উপজেলার কনকদিয়া ইউনিয়নের আমিরাবাদ বাজারে এ ঘটনা ঘটে। ইউনিয়ন ছাত্রদল ও স্থানীয় বিএনপির নেতাকর্মীদের উদ্যোগে নির্বাচনি প্রচারণা উপলক্ষে আয়োজিত মিছিলে এ স্লোগান

● ২-এর পাতায় দেখুন

## পায়রা সেতুর টোল প্লাজায় ৫ মণ জাটকা জব্দ

**পটুয়াখালী প্রতিনিধি**

পটুয়াখালীর পায়রা সেতুর টোল প্লাজায় অভিযান চালিয়ে পাঁচ ডোল (প্রায় ৫ মণ) জাটকা ইলিশ জব্দ করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। শনিবার (১৭ জানুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে গলাচিপা-ঢাকা রুটে চলাচলকারী মুন পরিবহনের একটি দূরপাল্লার বাসে তল্লাশি চালিয়ে এ জাটকা জব্দ করা হয়। কোস্ট গার্ড সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বাসটি আটক করা হলে ভেতরে জাটকা ইলিশ ভর্তি একাধিক বস্তা পাওয়া যায়। পরে জব্দ জাটকাগুলো অন্য একটি গাড়িতে তুলে পটুয়াখালী কোস্ট গার্ড ক্যাম্পে নেওয়া হয়। এ বিষয়ে দুমকি উপজেলা মৎস্য কর্মকর্তা মাহফুজুর রহমান বলেন, জাটকা জব্দের বিষয়টি তিনি অবগত হয়েছেন এবং কোস্টগার্ড

● ২-এর পাতায় দেখুন




## বরিশাল বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ বেতারের বহিরাঙ্গন অনুষ্ঠান

**কীর্তনখোলা রিপোর্ট**

গণভোট ও নির্বাচনে বাংলাদেশ বেতারচ শীর্ষক কমিউনিটি ব্রডকাস্ট অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তৌফিক আলম বলেছেন, গণভোট এমন একটি বিষয়- যেখানে ভোটার দেশের সিদ্ধান্ত বাস্তবায়নে সরাসরি ভূমিকা রাখবেন। জুলাই সনদ বাস্তবায়নের জন্যই এই ভোট প্রদান করতে হবে। ১৮ জানুয়ারি রবিবার বিকেল ৩ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে বাংলাদেশ বেতারের মহাপরিচালক এ এস এম জাহীদ বলেন, দেশের চাবি এখন আপনার হাতে, দেশকে এগিয়ে নেয়ার জন্যহ্যাঁতে ভোট দিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি


● ৩-এর পাতায় দেখুন

# বরিশাল বিশ্ববিদ্যালয়ের সেলিনা বেগম এক বিতর্কিত নাম

**বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক সেলিনা বেগমের স্বেচ্ছাচারিতা যেন দেখার কেউ নেই। তার বিরুদ্ধে অফিস ফাঁকি দেওয়াসহ নানান অনিয়মের অভিযোগ উঠেছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত অফিস সকাল নয়টা হতে বিকাল পাঁচটা পর্যন্ত হলেও তার কক্ষে গিয়ে তাকে এসময়ে সাধারনত পাওয়া যায়না। এটাই প্রতিদিনকার নিয়মে পরিনত করেছেন তিনি। বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্র জানিয়েছে, তিনি তার ইচ্ছামত অফিস করেন। কখনো বারোটায়, কখনো একটায়, কখনো দুইটায় অফিসে এসে শুধু উপস্থিত হয়ে তিনি চলে যান। তার অফিস টাইমের বেশিভাগ সময় তার কক্ষটি আটকানো থাকে। ভিতরে শুধু লাইট-ফ্যান চালু থাকে। শারীরিক শিক্ষা দপ্তরের অফিস সহকারীরা সবকিছু দেখভাল করেন। তার এমন কর্মকাণ্ডে রীতিমত প্রাপ্ত সুবিধা থেকে বঞ্চিত হয় বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুসারে এই দপ্তরের কাজ হলো- ১. শিক্ষার্থীদের শারীরিক শিক্ষা ও ফিটনেস কার্যক্রম পরিচালনা। ২. অভ্যন্তরীণ ও আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন। ৩. বিভিন্ন খেলায় বিশ্ববিদ্যালয় দল গঠন ও প্রশিক্ষণ। ৪. খেলার মাঠ, জিমনেসিয়াম ও ক্রীড়া অবকাঠামো রক্ষণাবেক্ষণ। ৫. ক্রীড়া সামগ্রী সংরক্ষণ ও ব্যবস্থাপনা। ৬. খেলাধুলার মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি। ৭. জাতীয় দিবস ও বিশেষ উপলক্ষে ক্রীড়া আয়োজন বাস্তবায়ন ইত্যাদি। কিন্তু এসব না করে সেলিনা বেগম তার সময় মতো এসে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মাঠে ক্রীড়া বিষয়ক যেকোন প্রতিযোগিতা হলে শুধু সিল-স্বাক্ষরে নিজের দায়িত্ব শেষ করে দেন। তার এমন কর্মকাণ্ডের বিষয়ে এর আগেও অভিযোগ উঠলে তা ধামাচাপা দেয়া হয়। বর্তমানে তার এমন স্বেচ্ছাচারী কর্মকাণ্ডের জন্য ক্ষোভ প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয়ের

● ২-এর পাতায় দেখুন




## নগরীতে নিরাপদ সড়কের দাবিতে সেমিনার

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশালে সচেতন ও দায়িত্বশীল নাগরিকমহল, শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে 'নিরাপদ সড়ক নিশ্চিতকরণে করণীয়' শীর্ষক একটি টাউনহল মিটিং অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকালে নগরীর ইউরো কনভেনশন হলে এ সভা অনুষ্ঠিত হয়। দ্য এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় এবং ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর অর্থায়নে সভাটির আয়োজন করে লাল সবুজ সোসাইটি। টাউনহল মিটিংয়ে সড়ক দুর্ঘটনা প্রতিরোধ, ট্রাফিক আইন বাস্তবায়ন, পথচারী ও যানবাহন ব্যবহারকারীদের নিরাপত্তা, গণপরিবহন ব্যবস্থার উন্নয়ন এবং নাগরিক সচেতনতা বৃদ্ধির বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সরকারি বিভিন্ন সংস্থা,

● ২-এর পাতায় দেখুন

## ঢাকা-বরিশাল মহাসড়কে বাসচাপায় নিহত ৬

**কীর্তনখোলা ডেস্ক**

মাদারীপুরে যাত্রীবাহী বাসচাপায় ছয়জন নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরও কয়েকজন। রোববার (১৮ জানুয়ারি) বিকেল সাড়ে ৫টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুরের মস্তফাপুর মিলগেইট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ফায়ার সার্ভিস সদর দফতর এক ক্ষুদে বার্তায় ছয়জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে। নিহতদের মধ্যে একজনের পরিচয় পাওয়া গেছে। তিনি হলেন মাদারীপুর সদর উপজেলার কেন্দুয়া ইউনিয়নের ঘটকচর এলাকার শাহ আলমের ছেলে রুমান। স্থানীয় সূত্রে জানা যায়, মাদারীপুর থেকে ঢাকা যাচ্ছিল সার্বিক পরিবহনের একটি যাত্রীবাহী বাস। পথিমধ্যে ঢাকা-বরিশাল মহাসড়কের মিলগেইট এলাকায় এলে একটি যাত্রীবাহী ইজিবাইকে চাপা দেয়। এতে ইজিবাইকটি

● ৩-এর পাতায় দেখুন

## ঝালকাঠিতে আবাসন প্রকল্পে আগুন, পুড়লো ১০টি ঘর

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠির সদর উপজেলার আবাসন প্রকল্পে আগুন লাগার ঘটনা ঘটেছে। এতে ব্র্যাকের নির্মিত ১০টি ঘর পুড়ে গেছে। রোববার উপজেলার ধানসিঁড়ি ইউনিয়নের চরবাটারকান্দা আবাসন প্রকল্পে এ ঘটনা ঘটে। এ সময় আগুন নেভাতে গিয়ে এবং ধোঁয়ায় শ্বাসকষ্টজনিত কারণে সাতজনের বেশি মানুষ আহত হন। স্থানীরা জানিয়েছে, আবাসন প্রকল্পের বাসিন্দা জামালের স্ত্রী গৃহিণী সুমি রান্না বসিয়ে গোসল করতে যান। কিছুক্ষণ পর ফিরে এসে রান্নাঘরে আগুন দেখতে পান তিনি। মুহূর্তের মধ্যেই আগুন পাশের ঘরগুলোতে ছড়িয়ে পড়ে। পাশাপাশি বসানো টিনের তৈরি ঘর হওয়ায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। আগুনে আধার চান, মো. জামালের ঘরসহ ব্র্যাকের নির্মিত মোট ১০টি ঘর সম্পূর্ণভাবে পুড়ে যায়। আগুনের ভয়াবহতায় এলাকাজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে উল্লেখ করে স্থানীয়রা বলেন, আগুন নেভাতে গিয়ে এবং ধোঁয়ায় শ্বাসকষ্টজনিত কারণে সাতজনের বেশি মানুষ আহত হন। আহতদের স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। খবর পেয়ে ঝালকাঠি ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

● ৩-এর পাতায় দেখুন

## নগরীতে কাফনের কাপড় নিয়ে বিষপান করা তরুণীর মৃত্যু

**কীর্তনখোলা রিপোর্ট**

কাফনের কাপড় নিয়ে পার্কের বেঞ্চে শুয়ে বিষপান করা সেই তরুণী জান্নাত আক্তার পাঁচদিন পর চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। গতকাল রোববার সকালে বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। প্রেম করে বিয়ের চার মাসের মাথায় প্রকৌশলী স্বামী ডিভোর্স দেওয়াকে কেন্দ্র করে তিনি অভিমানে বিষপান করেন। বিকালে এ তথ্য নিশ্চিত করেছেন কোতয়ালী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম। এর আগে ১২ জানুয়ারি বরিশাল নগরীর মুক্তিযোদ্ধা পার্কে এ ঘটনা ঘটেছে। তরুণী জান্নাত বরিশাল সদর উপজেলার চরমোনাই ইউনিয়নের বুখাইনগর এলাকার বাসিন্দা। মৃত্যুর আগে তরুণী জান্নাত বলেছিলেন, প্রেম করে গত চার মাস আগে আমরা বিয়ে করি। বিয়ের চার মাসের মাথায় বিনা কারণে আমাকে তালাক দেয় স্বামী প্রকৌশলী সাগর। এরপর আমি নিজ পরিবারে ফিরতে চাইলেও তা সম্ভব হয়নি। অভিযুক্ত প্রকৌশলী সিদ্দিকুর রহমান সাগর একই উপজেলার সাহেবের হাটের বাসিন্দা। ওসি মামুন

● ৩-এর পাতায় দেখুন


শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি<br>প্যারারারোড, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868515 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868514 |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720 | রহমান বুক হাউজ<br>প্যারারারোড, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল<br>01716-139268 |
| অমৃত লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বি.এম কলেজের সামনে<br>01726-074663 | হক লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে<br>01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেট<br>01717-488083 |



কীর্তনখোলা

নতুন ঠিকানা

দৈনিক কীর্তনখোলা পত্রিকা এখন নতুন ঠিকানায়-

বার্তা কার্যালয় : সৌরভ লজ, (ভ্যাট এন্ড কাস্টমস অফিসের পাশে) গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০।

মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com

ভারপ্রাপ্ত সম্পাদক

### কৃষকের ভাগ্যের পরিবর্তনে বিএনপির বিকল্প নেই : অ্যাড. জয়নুল

**বাবুগঞ্জ প্রতিনিধি**

বিএনপির ভাইস চেয়ারম্যান ও বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনের দলটির মনোনীত প্রার্থী অ্যাডভোকেট জয়নুল আবেদীন বলেছেন, 'ধানের শীষে ভোট দিলেই দেশে প্রকৃত উন্নয়ন হয়। বিশেষ করে কৃষকের ভাগ্যের পরিবর্তন ঘটাতে বিএনপির বিকল্প নেই।' রবিবার (১৮ জানুয়ারি)

● ৩-এর পাতায় দেখুন

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১৯ জানুয়ারি ২০২৬ ॥ ০৫ মাঘ ১৪৩২

### মুমিনের কর্তব্য রাসুল সা. কে জীবনাধিক ভালোবাসা: ছারছীনার পীর

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**



আমিরে হিযবুল্লাহ ছারছীনা শরীফের পীর মাওলানা মুফতি শাহ্ আবু নছর

● ৩-এর পাতায় দেখুন

# ভাণ্ডারিয়ায় জেপির সহস্রাধিক নেতাকর্মী বিএনপিতে

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**



পিরোজপুরের ভাণ্ডারিয়ায় রাজনৈতিক সমীকরণে বড় ধরনের পরিবর্তন লক্ষ্য করা গেছে। দীর্ঘদিন জাতীয় পার্টির (জেপি) শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত এই এলাকায় জেপির সাবেক উপজেলা চেয়ারম্যান, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান ও সাবেক দুই ইউপি চেয়ারম্যানসহ সহস্রাধিক নেতাকর্মী বিএনপিতে যোগদান করেছেন। একযোগে বিপুলসংখ্যক নেতাকর্মীর দলবদল স্থানীয় রাজনীতিতে নতুন মাত্রা যোগ করেছে। শনিবার (১৭ জানুয়ারি) রাত ৯টায় চরখালী বিএনপির দলীয় কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে ভাণ্ডারিয়া উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান এবং জেপির সাবেক সাধারণ সম্পাদক আতিকুল ইসলাম উজ্জ্বলের নেতৃত্বে এক হাজারেরও বেশি নেতাকর্মী ও সমর্থক আনুষ্ঠানিকভাবে বিএনপিতে যোগদান করেন। অনুষ্ঠানে উপস্থিত কেন্দ্রীয়, জেলা ও উপজেলা বিএনপির শীর্ষস্থানীয় নেতারা নবাগতদের ফুল দিয়ে বরণ করে নেন। এ সময় উপস্থিত ছিলেন- বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট বিলকিস জাহান শিরীন, সহ-সাংগঠনিক সম্পাদক আকন কুদ্দুসুর রহমান, কেন্দ্রীয় বিএনপির সহ-পরিবার কল্যাণ বিষয়ক সম্পাদক ডা. রফিকুল কবির লাবু, পিরোজপুর জেলা বিএনপির আহ্বায়ক খান নজরুল ইসলাম, সদস্য সচিব সাইদুল ইসলাম কিসমত, ভাণ্ডারিয়া বিএনপির সভাপতি ও পিরোজপুর-২ আসনের ধানের শীষে মনোনীত প্রার্থী আহমেদ সোহেল মঞ্জুর সুমন, জেলা বিএনপির সাবেক সদস্য সচিব গাজী ওয়াহিদুজ্জামান লাভলু প্রমুখ। বিএনপিতে যোগদানকৃত অন্যরা হলেন- জেপির সিনিয়র সহ-সভাপতি ও সাবেক সদর ইউপি চেয়ারম্যান গোলাম সরওয়ার জোমাদ্দার, সি-নয়র সহ সভাপতি ও নদমূলা শিয়ালকাঠী ইউপি চেয়ারম্যান মো. শফিকুল কবির বাবুল তালুকদার,

● ৩-এর পাতায় দেখুন

### গৌরনদীতে অসচ্ছল মেধাবীদের শিক্ষা উপকরণ বিতরণ

**গৌরনদী প্রতিনিধি**

বরিশালের গৌরনদীতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের দুই শতাধিক অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা উপকরন ও ইউনিফর্ম বিতরণ করা হয়েছে। স্বেচ্ছসেবী সংগঠস ফ্রেন্ডস ইউনিটি পাওয়ার এর আয়োজনে বাউরগাতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শনিবার বিকেলে সংগঠনের সভাপতি সিফাত হোসেন সুমনের

● ৩-এর পাতায় দেখুন

### মির্জাগঞ্জে ডেভিল হান্টে আ.লীগ নেতা গ্রেফতার

**মির্জাগঞ্জ প্রতিনিধি**

পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার মাধবখালী ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি শামীম মৃধাকে (৫০) গ্রেপ্তার করেছে যৌথবাহিনী।শুক্রবার (১৭ জানুয়ারি) দিবাগত রাত আড়াইটার দিকে বরিশালের রূপাতলী হাউজিং এলাকা থেকে তাকে আটক করা হয়। শামীম মৃধা মাধবখালী ইউনিয়নের রাম-পুর গ্রামের আব্দুল আজিজ মৃধার

● ৩-এর পাতায় দেখুন



## খালে পানি না থাকায় আগৈলঝাড়ার চাষীদের দুঃশ্চিন্তা

**আগৈলঝাড়া প্রতিনিধি**

বরিশালের আগৈলঝাড়ায় চলতি বোরো মৌসুমে চাষীরা জমিতে বোরো ধানের চারা রোপন সম্পন্ন করেছে। উপজেলার পাঁচটি ইউনিয়নের অধিকাংশ শাখা খাল গুলিতে চাষীদের চাহিদা মত পর্যাপ্ত পানি পাওয়া যাচ্ছে না। সামনে পানি সরবরাহ আরো প্রকট আকার ধারণ করবে এ আশঙ্কায় তাদের কপালে চিন্তার ভাজ দেখা দিয়েছে। আগামীতে আশা অনুরূপ ফলন নিয়ে চাষিরা দুশ্চিন্তায় ভুগছে। সরেজমিনে দেখা গেছ উপজেলার রাজিহার-রাংতা- কুমার ভাঙ্গা ৫ কিলোমিটার এলাকায় রাংতা মন্দির সংলগ্ন ব্লক, গঙ্গাস্নান ব্লক, পাকাড্রেন ব্লক,কালিখোলা ব্লক,পূর্বপাড়া ব্লক, মইজদ্দিনের ব্লক, চলাইরপার ব্লকসহ ছোট-বড় ১১ টি ইরি-বোরো ব্লকে ১ হাজার ৪শত একর জমি রয়েছে, যার চাষীর সংখ্যা প্রায় ৩ হাজার ৩শ। ইতিমধ্যেই

● ৩-এর পাতায় দেখুন

### কাউখালীতে বিপুল পরিমাণে অবৈধ জাল জব্দ

**মোঃ মেহেদী হাসান, কাউখালী**

পিরোজপুরের কাউখালীতে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় মৎস্য সম্পদ ধংসকারী বেহুন্দী ও অন্যান্য ক্ষতিকর অবৈধ জাল অপসারণে বিশেষ কম্বিং অপারেশন



পরিচালনা করা হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য অধিদপ্তরের বাস্তবায়নে, বিশেষ এ কম্বিং অপারেশনে গত ১০ দিনে বিপুল পরিমাণ অবৈধ জাল জব্দ করা হয়েছে বলে জানা গেছে। এ বিষয়ে কাউখালী উপজেলা মৎস্য অফিসার মোঃ হাফিজুর রহমান জানান,মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহুন্দী ও অন্যান্য ক্ষতিকর অবৈধ জাল অপসারণের বিশেষ কম্বিং অপারেশনে, কাউখালী উপজেলার কঁচা নদী, সন্ধ্যা নদী ও কালিগঙ্গা নদী থেকে বিভিন্ন

● ৩-এর পাতায় দেখুন



### ভোলা-৪ আসনের ইসলামী আন্দোলনের প্রার্থীর সংবাদ সম্মেলন

**চরফ্যাসন প্রতিনিধি**

এক বক্স নীতি ভেস্তে যাওয়ার পেছনের বাস্তবতা, পরিকল্পিত প্রোপাগান্ডার প্রতিবাদ করেন। ভোলা-৪ আসনে নির্বাচনের ঘোষণায় সংবাদ সম্মেলন করেন ইসলামী আন্দোলন বাংলাদেশ ভোলা-৪(চরফ্যাশন- মনপুরা ) আসনের প্রার্থী প্রফেসর এএমএম কামাল উদ্দিন। ইসলামী আন্দোলন বাংলাদেশ ভোলা-৪ নির্বাচন পরিচালনা কমিটির উদ্যোগে প্রার্থীর শরীফপাড়াস্থ ফরাজি মার্কেটের দলীয় কার্যালয়ে গতকাল শনিবার সন্ধ্যায় এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে বক্তব্যে ইসলামী আন্দোলন বাংলাদেশ ভোলা -৪ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী প্রফেসর

● ৩-এর পাতায় দেখুন

### কাঁঠালিয়ায় যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি আটক

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার ৫নং শৌলজালিয়া ইউনিয়নের যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ সৈয়দ মাইনুল হোসেন সজল (৪৫)কে আটক করেছে পুলিশ। সন্ধ্যার পর পশ্চিম শৌলজালিয়া গ্রাম থেকে তাকে



গ্রেফতার করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন, কাঠালিয়া থানা অফিসার ইনচার্জ মোঃ আবু নাছের রায়হান বলেন, থানা

● ৩-এর পাতায় দেখুন

## বাবুগঞ্জে ৫৪ ভোটকেন্দ্রের ৩৫টিই ঝুঁকিপূর্ণ


**বাবুগঞ্জ প্রতিনিধি**

বরিশালের বাবুগঞ্জ উপজেলায় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে প্রশাসন। তবে বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) সংসদীয় আসনের বাবুগঞ্জ অংশে মোট ৫৪টি ভোটকেন্দ্রের মধ্যে ৩৫টিকেই ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করায় সাধারণ ভোটারদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী সূত্রে জানা গেছে, সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটগ্রহণ নিশ্চিত করতে আগামী ২৪ দিন আইন-শৃঙ্খলা পরিস্থিতি কঠোরভাবে নিয়ন্ত্রণে রাখা হবে। এই সময়ের মধ্যে পরিস্থিতি স্বাভাবিক রাখা গেলে একটি গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন সম্ভব হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। বাবুগঞ্জ থানার অফিসার ইনচার্জ মো. এহতেশামুল হক জানান, নির্বাচনকে সামনে রেখে উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক, বাজার এলাকা ও ভোটকেন্দ্রসংলগ্ন স্থানে পুলিশের দৃশ্যমান টহল জোরদার করা হয়েছে। পাশাপাশি গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে চেকপোস্ট বসানো হয়েছে। অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম চলমান রয়েছে এবং বিশেষ নিরাপত্তা ব্যবস্থার অংশ হিসেবে পরিচালিত হচ্ছে 'অপারেশন ডেভিল হান্ট (ফেজ-২)'। বাবুগঞ্জ উপজেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, বিগত নির্বাচনের সহিংসতার পরিসংখ্যান ও গোয়েন্দা তথ্য বিশ্লেষণের ভিত্তিতে উপজেলার সব ভোটকেন্দ্রকে ঝুঁকির মাত্রা অনুযায়ী তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। প্রশাসনের দেওয়া তথ্যমতে, বাবুগঞ্জ উপজেলায় মোট ৫৪টি ভোটকেন্দ্রের মধ্যে ১৭টি কেন্দ্রকে

● ৩-এর পাতায় দেখুন

### যুবলীগ নেতাকে জামায়াত সাজিয়ে ইসলামী আন্দোলনে যোগদান

**মেহেন্দিগঞ্জ প্রতিনিধি**



বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার আলিমাবাদ ইউনিয়নের কার্যক্রম নিষিদ্ধ সংগঠন আওয়ামী যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল হক তালুকদারকে জামায়াত নেতা সাজিয়ে ইসলামী আন্দোলনে যোগদানের অভিযোগ উঠেছে। যোগদানের ছবিটি বরিশাল-৪ আসনের প্রার্থী মুফতি সৈয়দ এছহাক মোহাম্মদ আবুল খায়ের তার ভেরিফায়েড ফেসবুক পেইজে জামায়াত নেতা আখ্যা দেওয়ায় শুরু হয়েছে তুমুল বিতর্ক।

● ৩-এর পাতায় দেখুন

### পুকুর থেকে পানি তুলতে গিয়ে গৃহবধূর মৃত্যু

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফল উপজেলায় পুকুর থেকে পানি তুলতে গিয়ে পা পিছলে পানিতে পড়ে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। মৃতের নাম মরিয়ম বেগম (৩০)। শনিবার (১৮ জানুয়ারি) সন্ধ্যা আনুমানিক ৭টার দিকে বাউফল উপজেলার দাসপাড়া এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে। দাসপাড়া এলাকার সুজন সিকদারের স্ত্রী ছিলেন মরিয়ম বেগম। তাদের সংসারে রয়েছে দুইটি ছোট সন্তান

● ৩-এর পাতায় দেখুন




### আগৈলঝাড়া রিপোর্টার্স ইউনিটির কমিটিকে ফুলেল শুভেচ্ছা

**আগৈলঝাড়া প্রতিনিধি**

গত (শনিবার ) সন্ধ্যা ৭টায় আগৈলঝাড়া রিপোর্টার্স ইউনিটি'র কার্যালয়ে মোঃ জহিরুল ইসলাম সবুজ এর সভাপতিত্বে ২০০১ সালের এস.এস.সি ব্যাচের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভা সঞ্চলনা করেন আগৈলঝাড়া

● ৩-এর পাতায় দেখুন



### গৌরনদীতে দেদারছে চলছে মাদকবাণিজ্য, ছড়িয়ে পড়ছে সর্বত্র

**গৌরনদী প্রতিনিধি**

দীর্ঘদিন ধরে মাদক বিরোধী অভিযান জোরদার না করায় দক্ষিণাঞ্চলের প্রবেশদ্বার বরিশালের গৌরনদী এখন মাদকের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। মাদকের ভয়াল থাবা

● ৩-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রহমানির রহীম

ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়

লুৎফুর রহমান দাখিল (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত

EIIN: 137732 Code:20830

নুরানি, নাযেরা ও হিফয বিভাগসহ প্লে থেকে আলিম শ্রেণি পর্যন্ত বালক-বালিকা শাখায়

ভর্তি চলছে ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কেয়ার

ভর্তি পরীক্ষা: ২৭ ডিসেম্বর, শনিবার সকাল ১০ টায়

২০২৫ শিক্ষা বর্ষের দাখিল পরীক্ষার ফলাফল

| শ্রেণি | মোট পরীক্ষার্থী | কৃতকার্য | A+ সংখ্যা | মেধা বৃত্তি | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- |
| দাখিল | ৩৭ জন | ৩৭ জন | ২৩ জন | ০২ জন | ১০০% |

যোগাযোগ-

০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

www.lrdm.edu.bd

E-mail: lutfurrahmanmodelmadrasah2003@gmail.com

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার

পালকি এক্সপ্রেস

Palki Express


ভাণ্ডারিয়া-পিরোজপুর

নাজিরপুর-গোপালগঞ্জ

ঢাকা-গুলিস্তান

শ্যামলী- কল্যাণপুর

মিরপুর-কালশী-কচুক্ষেত



পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক

সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক


ভাণ্ডারিয়া কাউন্টারঃ

01321-183180, 01771-486723




প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন



## সম্পাদকীয়

### বিশ্বব্যাংকের পূর্বাভাস

# চ্যালেঞ্জের মাঝেও আশাবাদ

বাংলাদেশের অর্থনীতি দীর্ঘদিন ধরে নানা চাপ ও অনিশ্চয়তার মধ্যে পথ চলেছে। উচ্চ মূল্যস্ফীতি, ব্যাংকঋণের সংকট এবং বৈদেশিক বাণিজ্যে শুল্কসংক্রান্ত ঝুঁকি- সব মিলিয়ে প্রবৃদ্ধির গতি বারবার বাধাগ্রস্ত হয়েছে। তবুও বিশ্বব্যাংকের সদ্য প্রকাশিত গ্লোবাল ইকোনমিক প্রসপেক্টাস প্রতিবেদনে যে আশাব্যঞ্জক পূর্বাভাস দেওয়া হয়েছে, তা নতুন সম্ভাবনার জানালা খুলে দিয়েছে। সংস্থাটির মতে, চলতি অর্থবছরে প্রবৃদ্ধি ৪.৬ শতাংশ হলেও আগামী অর্থবছরে তা বেড়ে ৬.১ শতাংশে পৌঁছাতে পারে। এই পূর্বাভাস কেবল সংখ্যার খেলা নয়; বরং এটি রাজনৈতিক স্থিতিশীলতা ও কাঠামোগত সংস্কারের ওপর নির্ভরশীল এক বাস্তব সম্ভাবনা। বাংলাদেশের অর্থনীতির জন্য আসন্ন জাতীয় নির্বাচন একটি গুরুত্বপূর্ণ বাঁকবদল। নির্বাচন-পরবর্তী সময়ে যদি রাজনৈতিক স্থিতি ফিরে আসে, তবে বিনিয়োগকারীদের আস্থা বাড়বে এবং অর্থনীতিতে নতুন প্রাণের সঞ্চার হবে। অতীতে দেখা গেছে, রাজনৈতিক অস্থিরতা বিনিয়োগ ও উৎপাদনশীলতাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে। তাই স্থিতিশীল পরিবেশ সৃষ্টি করা এখন সবচেয়ে বড় প্রয়োজন। প্রতিবেদনের অন্যতম ইতিবাচক দিক হলো নতুন সরকারের কাছ থেকে কাঠামোগত সংস্কারের প্রত্যাশা।

*বাংলাদেশের অর্থনীতি দীর্ঘদিন ধরে নানা চাপ ও অনিশ্চয়তার মধ্যে পথ চলেছে। উচ্চ মূল্যস্ফীতি, ব্যাংকঋণের সংকট এবং বৈদেশিক বাণিজ্যে শুল্কসংক্রান্ত ঝুঁকি- সব মিলিয়ে প্রবৃদ্ধির গতি বারবার বাধাগ্রস্ত হয়েছে। তবুও বিশ্বব্যাংকের সদ্য প্রকাশিত গ্লোবাল ইকোনমিক প্রসপেক্টাস প্রতিবেদনে যে আশাব্যঞ্জক পূর্বাভাস দেওয়া হয়েছে, তা নতুন সম্ভাবনার জানালা খুলে দিয়েছে। সংস্থাটির মতে, চলতি অর্থবছরে প্রবৃদ্ধি ৪.৬ শতাংশ হলেও আগামী অর্থবছরে তা বেড়ে ৬.১ শতাংশে পৌঁছাতে পারে। এই পূর্বাভাস কেবল সংখ্যার খেলা নয়; বরং এটি রাজনৈতিক স্থিতিশীলতা ও কাঠামোগত সংস্কারের ওপর নির্ভরশীল এক বাস্তব সম্ভাবনা। বাংলাদেশের অর্থনীতির জন্য আসন্ন জাতীয় নির্বাচন একটি গুরুত্বপূর্ণ বাঁকবদল।*

আমলাতান্ত্রিক জটিলতা নিরসন, ব্যাংকিং খাতের সংস্কার এবং শিল্প সহায়ক নীতিমালা বাস্তবায়ন- এসব পদক্ষেপ যদি দ্রুত নেওয়া যায়, তবে বেসরকারি বিনিয়োগ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে। এর ফলে কর্মসংস্থান বাড়বে, মানুষের ভোগ ব্যয় বৃদ্ধি পাবে এবং মূল্যস্ফীতি ধীরে ধীরে সহনীয় পর্যায়ে নেমে আসবে। অর্থনীতির চাকাকে সচল রাখতে এসব সংস্কার অপরিহার্য। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্যও আশার আলো দেখাচ্ছে। চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে সাড়ে ৪ শতাংশে, যা গত বছরের একই সময়ে ছিল মাত্র ২.৫৮ শতাংশ। এটি প্রমাণ করে যে অভ্যন্তরীণ অর্থনীতি ধীরে হলেও ঘুরে দাঁড়াচ্ছে। দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের সঙ্গে তুলনা করলে বাংলাদেশের অবস্থান খুব একটা পিছিয়ে নেই। বরং সঠিক দিকনির্দেশনা পেলে দেশটি আবারও প্রবৃদ্ধির প্রতিযোগিতায় এগিয়ে যেতে পারে। তবে চ্যালেঞ্জও কম নয়। যুক্তরাষ্ট্রের সম্ভাব্য পাল্টা শুল্ক আরোপের ঝুঁকি রপ্তানি খাতকে চাপের মুখে ফেলতে পারে। একইসঙ্গে অভ্যন্তরীণ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করাই হবে আগামী সরকারের প্রধান দায়িত্ব। যদি রাজনৈতিক স্থিতিশীলতাকে কাজে লাগিয়ে দ্রুত সংস্কার শুরু করা না যায়, তবে বিশ্বব্যাংকের আশাব্যঞ্জক পূর্বাভাস বাস্তবে রূপ দেওয়া কঠিন হবে। বাংলাদেশ অতীতে বহুবার প্রমাণ করেছে, সঠিক নীতি ও নেতৃত্ব পেলে অর্থনীতি দ্রুত ঘুরে দাঁড়াতে সক্ষম। এবারও সেই সম্ভাবনা রয়েছে। নির্বাচনের মধ্য দিয়ে স্থিতি ফিরলে এবং প্রয়োজনীয় সংস্কার বাস্তবায়িত হলে অর্থনীতি আবারও শক্ত ভিত্তিতে দাঁড়াতে পারবে। বিশ্বব্যাংকের পূর্বাভাস আমাদের সামনে যে আশার আলো দেখাচ্ছে, তা বাস্তবায়ন করা সম্ভব- যদি আমরা এখনই সঠিক পথে হাঁটি। আমরা মনে করি, রাজনৈতিক স্থিতিশীলতা ও কাঠামোগত সংস্কারকে জাতীয় অগ্রাধিকারে পরিণত করা হোক। অর্থনীতির পুনরুদ্ধার কেবল সংখ্যার উন্নতি নয়, বরং মানুষের জীবনমান উন্নয়নের প্রতিশ্রুতি। বাংলাদেশের ভবিষ্যৎ নির্ভর করছে আজকের সঠিক সিদ্ধান্তের ওপর।

## বিনোদন



# তাহসানের সব স্মৃতি মুছলেন রোজা

বিনোদন ডেস্ক

ঠিক এক বছর আগে বিয়ের পিঁড়িতে বসে সবাইকে চমকে দিয়েছিলেন জনপ্রিয় সংগীতশিল্পী তাহসান খান। যুক্তরাষ্ট্রপ্রবাসী রূপসজ্জাশিল্পী রোজা আহমেদের সঙ্গে তার সেই বিয়ের খবর বিনোদন জগতে ছিল টক অব দ্য টাউন। কিন্তু সেই নতুন শুরুর রেশ কাটতে না কাটতেই বেজে উঠল বিচ্ছেদের সুর। সম্প্রতি তাহসান নিজেই নিশ্চিত করেছেন যে, তিনি আর রোজার সঙ্গে থাকছেন না। বর্তমানে তারা আলাদা থাকছেন। এই খবরে ভক্তদের মনে বিষাদের ছায়া নেমে এলেও অনেকে আশা করেছিলেন, হয়তো মান-অভিমান শেষে আবার এক হবেন তারা। ভক্তদের এই আশার মূলে ছিল রোজার ইনস্টাগ্রাম প্রোফাইল।

# 'নতুন পরিবেশের সঙ্গে মানিয়ে নিতে সময় লেগেছিল'

বিনোদন ডেস্ক



বলিউডের অন্যতম পাওয়ার কাপল শাহিদ কাপুর ও মীরা রাজপুতকে। সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের রসায়ন দেখে মুগ্ধ হন অনুরাগীরা। তবে এই ঝলমলে সুখী গৃহকোণের আড়ালে মীরার শুরুর দিনগুলো মোটেও সহজ ছিল না। সম্প্রতি এক সাক্ষাৎকারে নিজের সেই কঠিন সময়ের কথা জানিয়েছেন। ২০১৫ সালে যখন শাহিদ কাপুরের সঙ্গে মীরার বিয়ে হয়, তখন মীরা ছিলেন দিল্লির এক সাধারণ তরুণী। বলিউডের জাঁকজমকপূর্ণ জীবন ছিল তার কাছে একদমই অচেনা। মীরা জানান, বিয়ের পর মুম্বাই আসার পর এক গভীর একাকীত্ব তাকে গ্রাস করেছিল। বাইরের দুনিয়ার কাছে তাদের জীবনটা স্বপ্নের মতো মনে হলেও, পর্দার ওপারে মীরা লড়ছিলেন মানসিক অবসাদের সঙ্গে। মীরার ভাষ্যমতে, 'বিয়ের পর আমি কিছুটা গুটিয়ে গিয়েছিলাম। আমার এই আচরণ দেখে অনেকেই ভাবতেন আমি হয়তো খুব নাকউঁচু বা অহংকারী। কিন্তু আসল সত্যিটা হলো, নতুন এই পরিবেশের সঙ্গে মানিয়ে নিতে আমার অনেকটা সময় লেগেছিল।' বিষণ্ণতার কারণ ব্যাখ্যা করে মীরা আরও বলেন, 'আমার বয়সী বন্ধুরা যখন ক্যারিয়ার গড়া কিংবা উচ্চশিক্ষার জন্য বিদেশ পাড়ি দিচ্ছে, কেউবা চাকরিতে প্রমোশন পাচ্ছে ঠিক সেই সময়ে আমি ঘর-সংসার সামলাতে ব্যস্ত হয়ে পড়ি। বন্ধুদের সঙ্গে আমার জীবনের এই ব্যবধান আমাকে মানসিকভাবে বেশ পিছিয়ে দিয়েছিল। মনে হতো একা হয়ে গেছি।' তবে সময়ের সঙ্গে সঙ্গে নিজেকে বদলে নিয়েছেন মীরা।

## খেলাধুলা

# জোড়া সেঞ্চুরিতে চ্যালেঞ্জিং সংগ্রহ নিউজিল্যান্ডের

স্পোর্টস ডেস্ক

সিরিজ নির্ধারণী তৃতীয় ও শেষ ওয়ানডের শুরুতে ব্যাট করতে নেমে সেঞ্চুরির দেখা পেয়েছেন দুই কিউই ব্যাটার ড্যারেল মিচেল ও গ্লেন ফিলিপস। তাতেই ৩৩৭ রানের চ্যালেঞ্জিং সংগ্রহ পেয়েছে সফরকারীরা। ফলে সিরিজ জিততে হলে স্বাগতিক ভারতকে করতে হবে ৩৩৮ রান। ইন্দোরে ম্যাচের শুরুতে টস জিতে নিউজিল্যান্ডকে ব্যাট করার আমন্ত্রণ জানান ভারতীয় অধিনায়ক শুবমান গিল। ব্যাটিংয়ে নেমে শুরুটা ভালো হয়নি নিউজিল্যান্ডের। দলীয় ৫ রানের মাথায় সাজঘরের পথ ধরেন দুই ওপেনার। ১ বলে ০ রানে সাজঘরের পথ ধরেন হেনরি নিকোলস। আর ৪ বলে ৫ রান করেন ডেভন কনওয়ে। শুরুর চাপ সামলে নেন উইল ইয়াং ও ড্যারেল মিচেল। তবে জুটিটা বড় করা হয়নি। ৪১ বলে ৩০ রানে থামেন ইয়াং। এরপর চতুর্থ উইকেট জুটিতে ভারতীয় বোলারদের রীতিমতো তুলোধুনো করতে থাকেন ড্যারেল মিচেল ও গ্লেন ফিলিপস। এসময় দুজন মিলে গড়েন ২১৯ রানের বিশাল জুটি। তাতেই বড় সংগ্রহের ভিত পেয়ে যায় কিউইরা। এই দুই ব্যাটারই সেঞ্চুরির দেখা পেয়েছেন। মাত্র ৮৮ বলে নয়টি চার ও তিনটি ছয়ের সাহায্যে ১০৬ রান করেন ফিলিপস। আর ১৩১ বলে ১৫টি চার ও পাঁচটি ছয়ে ১৩৭ রান করেন মিচেল। শেষদিকে মিচেল হে ২, জ্যাকস ফোলকস ১০ ও ক্রিস্টিয়ান ক্লার্ক ১১ রান করেন। আর দলনেতা ব্রেসওয়েল ২৮ রানে ও জেমিসন ০ রানে অপরাজিত থাকেন।



# মেসির সঙ্গে তুলনা এবং ২০২৬ বিশ্বকাপ নিয়ে যা বললেন ফেদেরার

স্পোর্টস ডেস্ক

দু'জনই বিশ্ব ক্রীড়াঙ্গনের মহাতারকা। যদিও তারা ভিন্ন ডিসিপ্লিনে আলো ছড়িয়ে খ্যাতি অর্জন করেছেন। বছর তিনেক আগে অবসর নিয়েছেন টেনিস কিংবদন্তি রজার ফেদেরার। আর বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি আছেন ক্যারিয়ারের শেষ প্রান্তে। তার সামনে এখন বিশ্বকাপের শেষ আসর আসন্ন। মর্যাদার দিক থেকে মেসি-ফেদেরার ভিন্ন এক মাত্রায় পৌঁছে গেছেন বলে মনে করা হয়, তাদের মধ্যে আবার তুলনাও করতে দেখা যায়।

তারকা অ্যাথলেটদের পরস্পর স্বীকৃতি প্রদানের বিষয়টি স্বাভাবিক। ২০২৬ ফুটবল বিশ্বকাপ শুরুর বাকি আর পাঁচ মাস বাকি তখন ফেদেরারের সামনে মেসির প্রসঙ্গ টেনে আনা হয়। জবাবে তিনি আর্জেন্টিনার অধিনায়কের প্রশংসা এবং সহকারীদের জন্য শুভকামনা জানিয়েছেন। সংবাদমাধ্যম ইএসপিএনের সঙ্গে এক আলাপচারিতায় ফেদেরার বলেছেন, 'আমি বিশ্বকাপে ওর জন্য শুভকামনা জানাই। সে ইতোমধ্যেই একবার বিশ্বচ্যাম্পিয়ন হয়েছে, তাই পরেরটিতে তার ওপর অতটা চাপ থাকবে না। যদিও বিশ্বকাপে খেলা মানেই চাপ। আরেকবার তার খেলা দেখতে চলেছি।'

সুইজারল্যান্ডের এই কিংবদন্তি টেনিস তারকা বিশ্ব ক্রীড়াঙ্গনেও ব্যাপক জনপ্রিয়। ভিন্ন খেলা হলেও ফুটবলের জন্য নিজের ভালো লাগার বিষয়টি প্রকাশ করতে ভোলেন না ফেদেরার। একইসঙ্গে মেসির পাড়ভক্ত তিনি, যদিও দুজনের বলতে গেলে কেবল একবার দেখা হয়েছে। ফেদেরার বলছেন, 'আমি মেসির সঙ্গে মাত্র একবার দেখা করেছি।

# ইসি পক্ষপাতমূলক আচরণ করছে

যা একটি সুষ্ঠু নির্বাচনের পথে অন্তরায় হতে পারে। তবে বিদ্যমান ত্রুটিগুলো দ্রুত সমাধান করলে এই কমিশনের অধীনেই সুষ্ঠু নির্বাচন সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। রোববার (১৮ জানুয়ারি) বিকেল ৪টা ৪৫ মিনিটে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক করতে ইসিতে আসেন মির্জা ফখরুল ইসলাম। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দলে ছিলেন দলটির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান, উপদেষ্টা পরিষদের সদস্য ইসমাইল জবিউল্লাহ ও ইসির সাবেক ভারপ্রাপ্ত সচিব মোহাম্মদ জকরিয়া। বৈঠক শেষে সন্ধ্যা ৬টার দিকে সাংবাদিকদের বিস্তারিত জানান তিনি। মির্জা ফখরুল বলেন, ভোটারদের কাছে পৌঁছানো পোস্টাল ব্যালটগুলো ত্রুটিপূর্ণ। নির্দিষ্ট একটি দলকে বিশেষ সুবিধা দেওয়ার লক্ষ্যেই এই ব্যালট তৈরি করা হয়েছে। অনতিবিলম্বে প্রতীক সংবলিত সঠিক ব্যালট পেপার সরবরাহ করতে হবে। এছাড়া ভোটারদের এনআইডি, বিকাশ নম্বর এবং মোবাইল নম্বর সংগ্রহের তীব্র সমালোচনা করে তিনি এর উদ্দেশ্য নিয়ে সংশয় প্রকাশ করেন। প্রচারণার ক্ষেত্রে লেভেল প্লেয়িং ফিল্ড নেই উল্লেখ করে বিএনপি মহাসচিব বলেন, আচরণবিধি ভঙ্গ করে একতরফা প্রচারণা চালানো হচ্ছে। আমরা এই বিষয়ে বারবার অভিযোগ দিলেও কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে না। ঢাকার বিভিন্ন এলাকায় পরিকল্পিতভাবে ভোটার স্থানান্তর করা হয়েছে। কারা এবং কেন এই স্থান পরিবর্তন করেছে, তাদের পূর্ণাঙ্গ তালিকা চেয়েছি আমরা। কমিশনের প্রতি আহ্বান জানিয়ে তিনি আরও বলেন, যেসব কর্মকর্তা পক্ষপাতমূলক আচরণ করছেন, তাদের বিরুদ্ধে তদন্ত করে দ্রুত ব্যবস্থা নিতে হবে। সব দলের জন্য সমান সুযোগ নিশ্চিত করতে হবে। ব্যালট পেপারসহ নির্বাচন প্রক্রিয়ার সব কারিগরি ত্রুটি দ্রুত সমাধান করতে হবে। আমরা মনে করি এই কমিশন দিয়েই সুষ্ঠু নির্বাচন সম্ভব, তবে এর জন্য কমিশনকে তাদের ত্রুটিগুলো চিহ্নিত করে দ্রুত ব্যবস্থা নিতে হবে এবং নিরপেক্ষতা প্রমাণ করতে হবে বলেও জানান মির্জা ফখরুল।

# চীনা বিশেষজ্ঞদের অনুমোদন পেলেই

বাস্তবায়নের পথে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সব নথিপত্র চীনের কাছে পাঠানো হয়েছে। অর্থায়ন সংক্রান্ত বিষয়েও চূড়ান্ত আলোচনা হয়েছে। বর্তমানে চীনা সরকারের একটি বিশেষজ্ঞ দল প্রকল্পটি যাচাই-বাছাই করছে। তাদের সম্মতি পেলেই তিস্তা মহাপরিকল্পনার কাজ শুরু হবে। তিনি আরও বলেন, দেশের উন্নয়ন ও গণতন্ত্রকে এগিয়ে নিতে একটি সুষ্ঠু, অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন অত্যন্ত জরুরি। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সফলভাবে আয়োজন করতে অন্তর্বর্তী সরকারের পাশাপাশি জনগণেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে জনগণই নির্ধারণ করবে দেশের ভবিষ্যৎ পথচলা। রোববার (১৮ জানুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে নীলফামারীতে গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণ কর্মসূচিতে অংশ নিতে ঢাকা থেকে সৈয়দপুর বিমানবন্দরে পৌঁছে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। পরে দুপুর আড়াইটায় নীলফামারী জেলা প্রশাসনের কার্যালয় থেকে বেলুন উড়িয়ে গণভোটের প্রচারণার শোভাযাত্রার উদ্বোধন করেন উপদেষ্টা। উদ্বোধনের পর বিশাল শোভাযাত্রা নিয়ে জেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করা হয়। শোভাযাত্রা শেষে স্থানীয় শিল্পকলা একাডেমিতে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশ নেন উপদেষ্টা। শোভাযাত্রায় জেলা প্রশাসক মোহাম্মদ নায়িরুজ্জান, পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলামসহ সরকারি ও বেসরকারি, শিক্ষার্থীসহ বিভিন্ন সেক্টরের প্রতিনিধিরা অংশ নেন। এর আগে সৈয়দপুর বিমানবন্দরে ড. সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, সব দল নির্বাচনমুখী, দেশের মানুষ সবাই ভোট দিতে চায়। সুতরাং সবাই নির্বাচনকে ফ্রি ফেয়ার করে ফেলি। কোনো এলাকায় নির্বাচনকালীন কোনো অ্যালিমেন্ট যদি ঢুকেও পড়ে, তাহলে প্রশাসন, সরকার, জনগণ ও ভোটারের দায়িত্ব প্রতিরোধ করা।

# পুলিশ কোনো রাজনৈতিক দলের

বাহিনীর মূল দায়িত্ব জনগণের সেবা এবং আইনের শাসন নিশ্চিত করা। আজ রোববার রাজশাহীর সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে বিসিএস ব্যাচের সহকারী পুলিশ সুপারদের (এএসপি) সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, জনগণের আস্থা অর্জন ছাড়া কেবল শক্তি প্রয়োগ করে শান্তি প্রতিষ্ঠা সম্ভব নয়। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে পুলিশ বাহিনী সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। তিনি আরও বলেন, নির্বাচনকালীন নিরাপত্তা নিশ্চিত করতে প্রায় ১ লাখ পুলিশ সদস্যকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। নির্বাচনী দায়িত্ব পালনের সময় শতভাগ নিরপেক্ষ থাকতে হবে এবং কোনো অনৈতিক সুবিধা বা আপ্যায়ন গ্রহণ করা যাবে না। ভোটকেন্দ্রে কোনো বিশৃঙ্খলা সৃষ্টি হলে রিটার্নিং অফিসারের পরামর্শ অনুযায়ী তা কঠোরভাবে দমন করতে হবে। পেশাগত জীবনে নানা চাপ ও সমালোচনা আসতে পারে উল্লেখ করে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, সততা ও দেশপ্রেম থাকলে কোনো কিছুই দায়িত্ব পালনে বাধা হতে পারে না। জনগণের আত্মত্যাগ ও ভবিষ্যৎ প্রজন্মের প্রত্যাশাকে ধারণ করে দুর্নীতি ও পক্ষপাতমুক্ত একটি মানবিক, সাহসী ও গৌরবময় পুলিশ বাহিনী গড়ে তোলার আহ্বান জানান তিনি।

কুচকাওয়াজ অনুষ্ঠানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গণি, পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম ও বাংলাদেশ পুলিশ একাডেমির অধ্যক্ষ তওফিক মাহবুব চৌধুরী উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজে প্যারেড কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার ধীমান কুমার মন্ডল। দীর্ঘ প্রশিক্ষণের কৃতিত্বের অংশ হিসেবে বেস্ট প্রবেশনার হওয়ার গৌরব অর্জন করেন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার মোহাম্মদ সাজ্জাদ হোসেন।

বেস্ট একাডেমিক অ্যাওয়ার্ড অর্জন করেন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার মেহেদী আরিফ, বেস্ট ইন ফিল্ড অ্যাক্টিভিটিজ অ্যাওয়ার্ড অর্জন করেন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার সজীব হোসেন, বেস্ট হর্সম্যানশিপ অ্যাওয়ার্ড অর্জন করেন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার মোসলেহ উদ্দীন আহমেদ এবং বেস্ট শ্যুটার হওয়ার গৌরব অর্জন করেন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার সালমান ফারুক। তাদের পুরস্কৃত করা হয়। গত বছরের ১৫ ফেব্রুয়ারি শুরু হওয়া ৪১তম বিসিএস পুলিশ ব্যাচের ৯৬ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজের মধ্য দিয়ে কর্মজীবনে প্রবেশ করলেন। কুচকাওয়াজে ৪১তম বিসিএস পুলিশ ব্যাচের ৮৭ জন ছাড়াও ২৮তম বিসিএস ব্যাচের একজন, ৩৫তম বিসিএসের তিনজন, ৩৬ তম বিসিএসের একজন, ৩৭তম বিসিএসের দুইজন এবং ৪০তম বিসিএসের দুইজন প্রশিক্ষণার্থী সহকারী পুলিশ সুপার অংশগ্রহণ করেন।

# ক্ষমতায় গেলে জুলাই শহীদ ও

আপনাদের কষ্টের কথা, ব্যথার কথা, ত্যাগের কথা বলার জন্য ব্যাকুলভাবে সকলের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করছিলেন। অস্থিরভাবে প্রকাশ করছিলেন নিজের মনের কষ্টের কথা। তখন আমি এবং নজরুল ইসলাম খান সাহেব বসে একটি সিদ্ধান্ত গ্রহণ করেছি। বিএনপি এর আগে যখন দেশ পরিচালনার দায়িত্বে ছিল তারা মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় নামক একটি মন্ত্রণালয় তৈরি করেছে যা ১৯৭১ সালে যারা মুক্তিযুদ্ধে শহীদ হয়েছেন, আহত হয়েছেন অর্থাৎ এক কথায় মুক্তিযোদ্ধা পরিবারদের কল্যাণ তারা দেখভাল করে থাকে। "আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, ইনশাআল্লাহ বাংলাদেশের মানুষের সমর্থনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল আগামী দিনে সরকার গঠনে সক্ষম হলে এই শহীদ পরিবার যারা আছেন জুলাই যোদ্ধা যারা আছেন, জুলাই আন্দোলনের যারা শহীদ পরিবার বা যোদ্ধা আছেন তাদের যে কষ্টের কথাগুলো যে কয়জন ব্যক্তি, যে কয়জন মানুষ তুলে ধরেছেন, সেই কষ্টগুলোর যাতে আমরা কিছুটা হলেও সমাধান করতে পারিযাকে আমরা হারিয়ে ফেলেছি তাকে তো আমরা ফিরিয়ে আনতে পারবো না। কিন্তু যারা পেছনে রয়ে গিয়েছেন সেই পরিবারের সদস্যদের বিভিন্ন সুবিধা-অসুবিধাগুলো যাতে দেখভাল করতে পারি সেজন্য মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের মধ্যে আমরা আরেকটি ডিপার্টমেন্ট তৈরি করবৃযাদের দায়িত্ব হবে এই মানুষগুলোর দেখভাল করা। ইনশাআল্লাহ।"

রোববার রাজধানীর কৃষিবিদ ইন্সটিটিউটে আয়োজিত জুলাই অভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের সদস্যদের নিয়ে আয়োজিত মতবিনিময় অনুষ্ঠানে বিএনপি চেয়ারম্যান কথা বলছিলেন। সেখানে চব্বিশের যোদ্ধারাও 'মুক্তিযোদ্ধা' হিসেবে গণ্য হবেন বলে মন্তব্য করেছেন তারেক রহমান। তার কথায় একাত্তরের অর্জিত স্বাধীনতা সার্বভৌমত্ব 'রক্ষা হয়েছে চব্বিশের আন্দোলনে'।

তিনি বলেন, "কারণ তারাও (২৪'র যোদ্ধারা) একজন মুক্তিযোদ্ধা। তারাও মুক্তিযোদ্ধা হিসেবে আপনারা গণ্য। একাত্তর সালে এই দেশের মানুষ মুক্তিযোদ্ধারা এই দেশের স্বাধীনতা অর্জনের জন্য জীবন দিয়েছিলেন, এই দেশের স্বাধীনতা অর্জনের জন্য যোদ্ধারা ত্যাগ স্বীকার করেছিলেন।

"ঠিক একইভাবে ২৪'র যোদ্ধারা যুদ্ধ করেছেন্ তারা স্বাধীনতা সার্ব রক্ষার যুদ্ধ করেছেন। স্বাধীনতা সার্বভৌমত্ব অর্জিত হয়েছিল একাত্তর সালে। তাকেই আবার রক্ষা করা হয়েছে ২০২৪ সালে। সেজন্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে আমরা আপনাদের জন্য আরেকটি বিভাগ তৈরি করব।"

'জুলাইয়ে গণহত্যা হয়েছে'

তারেক রহমান বলেন, "দীর্ঘ দেড় দশকেরও বেশি সময় ধরে চলা ফ্যাসিবাদী বিরোধী আন্দোলনে হাজার হাজার মানুষ গুম হয়েছে , খুন অপহরণের শিকার হয়েছে্ এরকম অনেকগুলো পরিবারের সাথে গতকাল আমার কথা হয়েছে, দেখা হয়েছে। অসংখ্য অগণিত পরিবার সব হারিয়ে ছিন্ন বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। শুধুমাত্র জুলাই গণঅভ্যুত্থানেও ১৪'শও বেশি মানুষ শহীদ হয়েছেন, আহত হয়েছেন ত্রিশ হাজারের মতো মানুষ।

"এই ত্রিশ হাজার এর মত মানুষের মধ্যে এমন কিছু মানুষ আছেন যাদের সংখ্যা ৫'শ মত। যাদের কারো এক চোখ অথবা কারো দুই চোখই নষ্ট হয়ে গিয়েছে, পঙ্গু হয়েছেন অনেকে। জুলাই অভ্যুত্থানে যেভাবে দেড় হাজারের মত মানুষকে যে হত্যা করা হয়েছে এটিকে এক বাক্যে স্রেফ আমরা একটি গণহত্যা বলতে পারি। জুলাই গণঅভ্যুথনে যারা বিভিন্নভাবে আহত হয়েছেন তাদের অনেকেই আজকের এই অনুষ্ঠানে উপস্থিত আছেন। আমাদের সামনে বক্তব্য রেখেছেন কেউ কেউ। অনুষ্ঠানে অংশগ্রহণকারী আহতদের যারা বক্তব্য রেখেছেন তাদের কষ্টের কথাগুলো আমরা শুনেছি।" তিনি বলেন, ''আপনাদের কারণেই আপনাদের সাহসী ভূমিকার কারণেই কারণেই ফ্যাসিবাদী চক্র শুধুমাত্র রাষ্ট্র ক্ষমতা নয় বরং এই দেশ ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়েছে। "২০২৪ সালের ১৯ আগস্ট আমি আপনাদের ভূমিকার কথা স্মরণ করে একটি বক্তব্য রেখেছিলাম। সেই বক্তব্যে আমি বলেছিলাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র শহীদ আবু সাঈদ, মাহফুজুর রহমান মুগধ, কলেজ ছাত্র ওয়াসিম আকরাম, মাদ্রাসা ছাত্র আব্দুল্লাহ আল মামুন, স্কুল ছাত্র রিফাত হোসেন, কুমিল্লার আইনজীবী আবুল কালাম, চুয়াডাগার রাজমিস্ত্রী উজ্জ্বল হোসেন, নোয়াখালীর দোকান কর্মচারী আসিফ, বরগুনার ওষুধ কোম্পানির সেলসম্যান আল আমিন, পাবনার গাড়িচালক আরাফাত হোসেন, মিরপুরের গুলিবিদ্ধ ২২ বছর বয়সী মুত্তাকিন, দোকান কর্মচারী আতিকুল, অষ্টম শ্রেণীর শিক্ষার্থী তামিমের মতন অনেকের হাত কিংবা পা কেটে ফেলতে হয়েছে। হত্যা থেকে ছয় বছরের শিশু রিয়া গোপাও কিন্তু রেহাই পায়নি সেদিন।"

তারেক বলেছেন, এক বক্তব্যে হয়তো সবার নাম বলা সম্ভব নয়।

"এত মানুষ শহীদ হয়েছেন, এত মানুষ আহত হয়েছেন। ফ্যাসিবাদ শাসন শোষণের বিরুদ্ধে ২৪ সালের গণঅভ্যুত্থানে দল ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশের স্বাধীনতা প্রিয়, গণতান্ত্রকামী প্রত্যেকটি সেক্টরের প্রতিটি শ্রেণি-পেশার মানুষ সেদিন রাজপথে নেমে এসেছে। সেদিনকার ক্যামেরায় বন্দি যত ছবি উঠেছে প্রত্যেকটি ছবি এই কথারই সাক্ষ্য দেয়।" এই অনুষ্ঠানে বিএনপি চেয়ারম্যানের সহধর্মিনী জুবাইদা রহমান অতিথি সারিতে শহীদ পরিবারের সাথে বসেছিলেন। শহীদ পরিবারের সদস্যরা তাদের কথা বলতে গিয়ে আবেগপ্রবণ হয়ে পড়লে পুরো অনুষ্ঠানস্থলের পরিবেশ ভারি হয়ে ওঠে। গণতন্ত্র প্রতিষ্ঠায় আগামী নির্বাচন 'অত্যন্ত এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি নিরাপদ গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠায় আগামী সংসদ নির্বাচন 'অত্যন্ত, অত্যন্ত এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ' বলে মন্তব্য করেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, "ফ্যাসিবাদের রক্তচক্ষু উপেক্ষা করে গণঅভ্যুত্থানে যারা শহীদ হয়েছেন, যারা হতাহত হয়েছেন তাদের উদ্দেশ্য কী ছিলো? তাদের উদ্দেশ্য ছিল একটি স্বনির্ভর, একটি নিরাপদ একটি গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলা। একটি নিরাপদ গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য আগামী জাতীয় নির্বাচন অত্যন্ত, অত্যন্ত এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ ।"

# ছাত্রদলের মিছিলে 'এই মুহূর্তে

দেওয়া হয় বলে জানা গেছে। ভাইরাল ভিডিওতে দেখা যায়, মিছিল চলাকালে 'ধরি ধরি ধরি না, ধরলে কিন্তু ছাড়ি না' স্লোগান দেওয়ার এক পর্যায়ে মিছিলের নেতৃত্বে থাকা উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক মূনঈমুল ইসলাম মিরাজ 'এই মুহূর্তে দরকার ' বলে স্লোগান শুরু করেন। ঠিক সেই সময় পাশ থেকে কয়েকজন কণ্ঠ মিলিয়ে বলেন 'শেখ হাসিনা সরকার'। এর পরপরই মিরাজ আবার 'বিএনপি সরকার' বলে স্লোগান দেন। পরে মিছিলে অংশগ্রহণকারীরা তার সঙ্গে 'বিএনপি সরকার' স্লোগান দিতে থাকেন। এ বিষয়ে উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক মূনঈমুল ইসলাম মিরাজ বলেন, ?"আমি নিজে কখনোই 'শেখ হাসিনা সরকার' স্লোগান দেইনি। এটি ছিল একটি নির্বাচনি গণসংযোগ কর্মসূচি। সেখানে দলীয় নেতাকর্মীদের পাশাপাশি অনেক সাধারণ মানুষ যুক্ত ছিলেন। হয়তো তাদের মধ্য থেকেই কেউ ওই স্লোগান দিয়েছেন।" পটুয়াখালী জেলা ছাত্রদলের আহ্বায়ক শামীম চৌধুরী বলেন, 'বিষয়টি আমি সোশ্যাল মিডিয়ায় দেখেছি। এটা নিয়ে কী করা যায় তা খতিয়ে দেখা হবে।'

# পায়রা সেতুর টোল প্লাজায় ৫ মণ

তাকে ফোনে বিষয়টি জানিয়েছে। তবে প্রচলিত নিয়ম অনুযায়ী জব্দকৃত জাটকা স্থানীয় মৎস্য বিভাগের কাছে হস্তান্তরের বিধান থাকলেও তা অনুসরণ করা হয়নি বলে তিনি মন্তব্য করেন। দুমকি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোছা. ফরিদা সুলতানা বলেন, দুমকি এলাকায় জব্দ হওয়া জাটকা উপজেলা মৎস্য বিভাগের কাছে হস্তান্তর করা উচিত ছিল। জেলা পর্যায়ে নিয়ে যাওয়ার বিষয়টি তার কাছে স্পষ্ট নয়। মৎস্য বিভাগ সূত্রে জানা গেছে, জব্দ জাটকা ইলিশ রাতেই পটুয়াখালী জেলা শহরের বিভিন্ন মাদ্রাসা, এতিমখানা ও হতদরিদ্র মানুষের মাঝে বিতরণ করা হয়েছে।

# তারেক রহমানের আগমন অতীতের

আহমদ বীর বিক্রম বলেন, বাংলাদেশের জনগণ ভোট দেওয়া ভুলে গিয়েছিল। গত ১৬ বছরে প্রহসনের নির্বাচন হয়েছে। দেশবাসী নেতৃত্বে মাফিয়া হাসিনার পতন হয়েছে। গণতন্ত্রহীন বাংলাদেশে আবার গণতন্ত্র প্রতিষ্ঠার সুযোগ হয়েছে। আশা করি সবাই ধানের শীষে ভোট দেবেন, যার মধ্য দিয়ে দেশের উন্নয়ন হবে। তিনি আরও বলেন, বরিশাল বিএনপির ঘাঁটি। এখানে প্রতিটা জেলার জনপ্রতিনিধিরা প্রতিযোগিতামূলকভাবে জনগণ নিয়ে বের্লসপার্ক মাঠে উপস্থিত হবেন। আশা করছি অতীতের সব রেকর্ড ভেঙে একটি বিশাল জনসমুদ্র পরিণত হবে।

# মেঘনায় ডাকাত আতঙ্ক নদী

বেশি নিবন্ধিত জেলেসহ সংশ্লিষ্ট আড়তদারেরা। জয়া গ্রামের জেলে মহিউদ্দিন মাঝি জানান, ডাকাতরা তাকেসহ ৪ জনকে অপহরণ করে নিয়ে যায় এবং চোখ বেঁধে বেদম মারধর করে। পরে আড়তদারের মাধ্যমে ২০ হাজার টাকা মুক্তিপণ দিয়ে তিনি রক্ষা পান। একইভাবে রাসেল মাঝি জানান, ওই রাতে তিনটি ট্রলার থেকে অপহৃত জেলেরা প্রায় দেড় লাখ টাকা মুক্তিপণ দিয়ে ফিরেছেন। একই এলাকার জেলে মো. শাহিন মাঝি ও মিজান মাঝি জানান, বর্তমানে মেঘনা নদীতে কিছুটা ইলিশ ধরা পড়তে শুরু করেছে। দিনের চেয়ে রাতেই মাছের পরিমাণ বেশি পাওয়া যায়। কিন্তু ডাকাতের ভয়ে আমরা জেলেরা সন্ধ্যার পরে নদীতে যেতে ভয় পাই। কারণ, গত কয়েক দিন আগে আমাদের ৪ জেলেকে ডাকাতরা অপহরণ করে মুক্তিপণ দিয়ে ছেড়েছে। তারা আরও জানান, আমাদের পরিবার থেকেও নদীতে যেতে বারণ করা হচ্ছে। কিন্তু কি করবো, নদীতে না গেলে খাবো কি? অন্য কোনো কাজও জানি না। বেলাল মাঝি ও রুহুল আমিন মাঝি জানান, কোস্টগার্ড ও নৌ পুলিশ যদি সন্ধ্যার পরে নদীতে টহল কার্যক্রম রাখে তাহলে দিনে মতো রাতেও আমরা নিরাপদে মাছ ধরতে পারবো। তবে কোস্টগার্ড দক্ষিণ জোনের স্টাফ অফিসার অপারেশন লে. কমান্ডার মাহবুব হোসেন জানান, মেঘনা ও তেতুলিয়া নদীতে সম্প্রতি ডাকাতির ঘটনার পর থেকে আমাদের টহল কার্যক্রম বাড়ানো হয়েছে। ডাকাতদের গতিবিধি শনাক্তে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারে গোয়েন্দা নজরদারীও জোরদার করা হয়েছে। জেলে ও মৎস্যজীবীদের সঙ্গে কথা বলে ডাকাত চক্রের তথ্য সংগ্রহের কার্যক্রম অব্যাহত রয়েছে। উল্লেখ্য, ভোলার বোরহানউদ্দিন উপজেলায় ৯টি ইউনিয়নের জেলে রয়েছে প্রায় ৪০ হাজার। এর মধ্যে সরকারিভাবে নিবন্ধিত জেলের সংখ্যা ১৯ হাজার ৮৩৮ জন।

# নগরীতে নিরাপদ সড়কের দাবিতে

ট্রাফিক বিভাগ, সড়ক ও পরিবহন খাতের প্রতিনিধি, সুশীল সমাজ, শিক্ষক, যুব সংগঠন, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষার্থী, শ্রমিক ও গণমাধ্যমকর্মীরা অংশগ্রহণ করেন। আলোচকরা দুর্ঘটনাপ্রবণ এলাকা চিহ্নিতকরণ, সচেতনতামূলক কার্যক্রম জোরদার এবং বিদ্যমান আইনের কঠোর প্রয়োগের ওপর গুরুত্বারোপ করেন। টাউনহল সভার প্যানেল আলোচনায় প্যানেলিস্ট হিসেবে উপস্থিত ছিলেন মো. শরিফদ্দিন, উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক); মোহাম্মদ আল-আমিন, উপবিভাগীয় প্রকৌশলী, সড়ক বিভাগ; আবু সাঈদ, সদস্য সচিব, এনসিপি; মিজানুর রহমান, সহকারী সেক্রেটারি, জামায়াতে ইসলামী; জিয়াউদ্দিন শিকদার, সদস্য সচিব, বিএনপি বরিশাল; এবং ডা. মনীষা চক্রবর্তী, প্রার্থী বরিশাল-৫ আসন। আলোচনায় বক্তারা বলেন, শিক্ষার্থীদের হাফ ভাড়া নিশ্চিতকরণ এবং ভাড়া তালিকা কার্যকর করার বিষয়টি ইতোমধ্যে গুরুত্ব সহকারে বিবেচনায় নেওয়া হয়েছে। তারা আরও বলেন, সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে সরকারি উদ্যোগের পাশাপাশি নাগরিকদের দায়িত্বশীল আচরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সামান্য সচেতনতা ও আইন মেনে চলার মাধ্যমে প্রতিবছর সড়ক দুর্ঘটনায় প্রাণহানি উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনা সম্ভব। সভায় অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে বেশ কিছু গুরুত্বপূর্ণ সুপারিশ উত্থাপিত হয়। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, নিরাপদ সড়ক নিশ্চিতকরণ কেবল অবকাঠামোগত উন্নয়নের বিষয় নয়, এটি একটি সামাজিক দায়িত্ব। এই টাউনহল মিটিং থেকে প্রাপ্ত সুপারিশসমূহ সংশ্লিষ্ট নীতিনির্ধারক ও কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা হবে। পাশাপাশি লাল সবুজ সোসাইটি ভবিষ্যতেও নিরাপদ সড়ক, জনসচেতনতা ও নাগরিক অধিকার বিষয়ক কার্যক্রম অব্যাহত রাখবে বলে অঙ্গীকার ব্যক্ত করে।

# বরিশাল বিশ্ববিদ্যালয়ের সেলিনা

একাধিক সাধারণ শিক্ষার্থীরা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের আইন বিভাগের শিক্ষার্থী এস. এম ওয়াহিদুর রহমান বলেন, একটি বিশ্ববিদ্যালয়ের দায়িত্বশীল একজন কর্মকর্তার এমন কর্মকাণ্ড তা নিতান্তই দুঃখজনক। তার এমন স্বেচ্ছাচারিতা বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্ত করছে। এই বিষয়ে বিগত দিনে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানানো হলেও বরাবরই তারা ব্যর্থতার পরিচয় দিয়েছে। এই বিষয়ে যদি বিশ্ববিদ্যালয় প্রশাসন তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা না নেয় তাহলে বাকি ফাঁকিবাজ কর্মকর্তারাও উৎসাহিত হবে। তিনি সহ বাকি কর্মকর্তারা তাদের উপর অর্পিত দায়িত্বের যে বেতন নিচ্ছেন, তা হালালভাবে নিচ্ছেন কিনা। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উচিত সবাইকে জবাবদিহিতার আওতায় আনা। এই ফাঁকিবাজ কর্মকর্তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসন কঠোর ব্যবস্থা নিবে, এমনটাই আশাবাদী।' ২০২১-২২ শিক্ষাবর্ষের বাংলা বিভাগের শিক্ষার্থী মৃত্যুঞ্জয় রায় বলেন, শিক্ষার্থীদের সেবা দেওয়ার জন্য তাকে এখানে রাখা হয়েছে। সেখানে সেবা না দিয়ে এমন ফাঁকিবাজি হতাশার। বিগত দিন থেকে শারীরিক শিক্ষা অফিস কর্মকর্তারা তাদের দায়িত্ব পালনে উদাসীন। আর এব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসন দেখেও না দেখার ভান করছে। এই দুর্নীতিবাজ কর্মকর্তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যবস্থা না নিয়ে যদি দুর্বলতা প্রকাশ করে। সেই দুর্বলতা তার প্রতি কিসের সেটিও সকলের সামনে পরিষ্কার করতে হবে। শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক উন্নতির জন্য শারীরিক শিক্ষা অফিস কিছুই করছে না। শুধু বসে বসে বেতন-ভাতা নিচ্ছে। এমন দাবি করে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের লোকপ্রশাসন বিভাগের শিক্ষার্থী প্রসেনজিৎ মিত্র বলেন, আমাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য ঠিক রাখার জন্য শারীরিক শিক্ষা অফিসের অনেক কর্তব্য রয়েছে। ব্যায়াম শেখানো থেকে শুরু করে ধ্যান ইত্যাদি শেখানো তাদের কর্তব্য। কিন্তু বরাবর তারা নীরব। এই কর্মকর্তার বিষয়ে ক্ষোভ প্রকাশ করে তিনি আরো বলেন, অভিযুক্ত কর্মকর্তার কাছে বিগত দিনে টুর্নামেন্টের অনুমতি গ্রহণ করতে গিয়ে তাকে অফিসে পাইনি। অফিস সহকারীকে বলার পরে অফিস সহকারী তাকে ফোন দিয়ে বলেছেন। এরপর তিনি এসেছেন। অথচ তার দায়িত্ব ছিল অফিসে থাকা। এমন দায়িত্বজ্ঞানহীন ব্যক্তির বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসন কিছুই করছে না। এ বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা অফিসের পরিচালক মোঃ আতিকুল্লাহ ফরাজী বলেন, এমন কাজ অন্য কর্মকর্তারাও করেন। ঠিকমত অফিস করেন না। তিনিও হয়তবা একই পথে হেঁটেছেন। আমি নতুন জয়েন করেছি। আমি আসার পর তার কাছ থেকে যাবতীয় সকল সাহায্য পেয়েছি। তবুও এই বিষয়টি যাচাই করে সত্যতা পেলে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবহিত করবো। অভিযোগের বিষয় জানতে চাইলে সেলিনা বেগম বলেন, এটি দেখার দায়িত্ব আমার কর্তৃপক্ষের আপনার না। এসব ধান্দাবাজি বাদ দেন। আশাকরি, ভবিষ্যৎতে ভালো হবেন।' বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম বলেন, তার বিরুদ্ধে পূর্বেও অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি তদন্তাধীন রয়েছে। অভিযোগের সত্যতা প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

